

হাঁটুর ব্যাথা ও ফ্লোজেন শোল্ডারের আধুনিকতম চিকিৎসা- সাইনোভিয়াল ফ্লুইড প্রতিস্থাপন

অস্টিও-আর্থ্রিটিস হল বার্ষিক জনিত বাত। কোনও গাঁটের অতিরিক্ত দুর্ব্যবহার, আঘাত বা হাড়ের ক্ষয় থেকে ব্যাথা উৎপত্তি। এই রোগের সেরা এবং সর্বশেষ চিকিৎসা হল কৃত্রিম হাঁটু প্রতিস্থাপন (Total Knee Replacement)। বলাই-বাহুল্য, এই অপারেশন অত্যন্ত খরচ-সাপেক্ষ। সেইরকমই ফ্লোজেন শোল্ডার এও কাঁধের জয়েন্টের ক্ষয় হয়। পরীক্ষা করে দেখে গেছে, এই দুটি রোগএ জয়েন্টের জলের গুণগত মান যথেষ্ট পরিমাণে হ্রাস পায়। আমরা আলট্রাসাউন্ড মেশিনে সরাসরি দেখে এই জয়েন্টের জল প্রতিস্থাপন করি ঘন কৃত্রিম জেল (Gel) দিয়ে। তাতে দেখা গেছে, প্রায় এক বছর অবধি ব্যাথা হ্রাস পায়, চলাফেরার ও হাতের স্বাভাবিক কাজকর্মের ক্ষমতা বাড়ে এবং হাঁটু প্রতিস্থাপন অপারেশন পিছিয়ে দেওয়া যায়। পারতপক্ষে অনেকটাই কম ব্যয়ে এই জল প্রতিস্থাপন আউটডোরএ বসে করা যায় এবং সেদিনই বাড়ী চলে যাওয়া যায়। ২ থেকে ৬ মিলিঃ ঘন কৃত্রিম জয়েন্টের জেল (Gel) আমরা লোকাল আনস্থেসিয়া দিয়ে প্রতিস্থাপন করে দিয়ে থাকি। ব্যাথা প্রায় না হওয়ার মত।

ঠিক একই পদ্ধতিতে আমরা ওই একই কারণে, জয়েন্টে স্টেরয়েড বা প্লেটলেট রিচ প্লাস্মা দিয়ে থাকি (PRP)। স্টেরয়েড কিন্তু বার বার দেওয়া যায় না। PRP তে প্রচুর প্রোথ ফ্যাক্টর থাকে যা ক্ষতিগ্রস্ত কারটিলেজ, হাড় বা জয়েন্টের জলের গুণগত মান বাড়াতে পারে তবে ব্যাথা লাঘব বা চলা ফেরার ক্ষমতা ফিরতে সপ্তাহখানেক সময় লাগে। তাছাড়া একাধিক বার ইনজেকশন নেওয়া প্রয়োজন।

এখানে জানিয়ে রাখা ভাল যে হাঁটুর যদি অতিরিক্ত ক্ষতি হয়ে থাকে, জল প্রায় শুকিয়ে গিয়ে হাড়ে হাড়ে ঘষা খেয়ে থাকে বা পা বেঁকে গিয়ে থাকে তাহলে এই ওষুধ গুলির কোনটাই কাজ করবে না। তখন হাঁটু প্রতিস্থাপন ছাড়া কোনও উপায় থাকে না।

চিকিৎসার পদ্ধতি যেরকমই হোক না কেন, জয়েন্টের ব্যায়াম রোজ নিয়ম করে করতেই হবে। সঠিক ব্যায়াম না করলে, কোনও পদ্ধতিতেই ফল পাওয়া মুশকিল।

Dr. Tanoy Bose.

MD

Rheumatology & Internal Medicine

E Mail: drtanoybose@gmail.com

Phone: 9831336275

www.facebook.com/arthritisandrheumatology

- AMRI Saltlake 033 66147700
- Peerless Hospital, Kolkata 033 40111222
- NH RN Tagore, Hiland Park 033 30913000
- Suraksha, Garia 033 2435 0244
- Pratiksha Hospital, Guwahati, Assam +91 84738 79464.
- Balaji Medical, Kalyani Nadia +91 9831665575.